



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ ডাক বিভাগ
ডেপুটি পোস্টমাস্টার জেনারেল এর কার্যালয়
ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ-২২০০।
web: post.mymensinghdiv.gov.bd



স্মারক নং- ১৪.৩১.৬১০০.২৩০.১২.০৩০.২০২৪

তারিখ: ২১/০৪/২০২৪খ্রি.

উদ্যোক্তা নিয়োগ/নিযুক্তি বিজ্ঞপ্তি

গফরগাঁও উপজেলার ডাকঘরের স্মার্ট পোস্টাল সার্ভিস পয়েন্টে উদ্যোক্তা হিসেবে দায়িত্ব পালনের জন্য ১ জন নারী এবং ১ জন পুরুষ অস্থায়ী ভিত্তিতে নিযুক্ত/নিয়োগের লক্ষ্যে গফরগাঁও উপজেলায় বসবাসরত নাগরিকগণের নিকট হতে অনলাইনে আবেদন আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নম্বর	পদের নাম	উপজেলার নাম	পদের সংখ্যা	প্রার্থীর যোগ্যতা	মন্তব্য
১	উদ্যোক্তা (লেটার রাইটার), স্মার্ট পোস্টাল সার্ভিস পয়েন্ট	গফরগাঁও, ময়মনসিংহ	২ জন (১ জন নারী এবং ১ জন পুরুষ)	(ক) কোনো স্বীকৃত বোর্ড হতে ন্যূনতম উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) কম্পিউটার পরিচালনা, নাগরিক সেবা প্রদানের বাস্তব অভিজ্ঞতা ও তথ্য প্রযুক্তি সম্পর্কে দক্ষতা; (গ) নিজ খরচে স্মার্ট পোস্টাল সার্ভিস পয়েন্ট এর জন্য প্রয়োজনীয় উপকরণ (কম্পিউটার, ল্যাপটপ, প্রিন্টার, স্ক্যানার ইত্যাদি), যন্ত্রপাতি এবং আসবাবপত্র ক্রয় করার সামর্থ্য; (ঘ) স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে প্রযুক্তি নির্ভর ডিজিটাল সেবা ও আর্থিক অন্তর্ভুক্তিমূলক সেবা কার্যক্রম পরিচালনার সক্ষমতা থাকতে হবে; (ঙ) কম্পিউটার চালনায় MS Office এ পারদর্শী হতে হবে। (চ) রাষ্ট্র-বিরোধী বা ফৌজদারি অপরাধের অভিযোগমুক্ত হতে হবে; (ছ) পূর্বে জনবাধক সেবা প্রদানকারী এবং অভিজ্ঞদের অগ্রাধিকার প্রদান করা হবে। (জ) কম্পিউটার বিষয়ক প্রশিক্ষণ কোর্সধারীরা (সনদ বাধ্যতামূলক) এ ক্ষেত্রে অগ্রাধিকার পাবে।	

শর্তাবলি:

- আবেদন শুরুর তারিখ: ২৫শে এপ্রিল ২০২৪খ্রি. এবং আবেদনের শেষ তারিখ: ০২মে ২০২৪ দিবাগত রাত ১১.৫৯। (আবেদন লিংক- <http://bdpost.eksheba.gov.bd/>)
- প্রার্থীকে জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক এবং স্থানীয় বাসিন্দা (পোস্ট কোডের আওতাধীন ও অত্র এলাকায় ন্যূনতম ৫ বছর বসবাসরত) হতে হবে।
- প্রার্থীর বয়স ০২ মে ২০২৪ খ্রি. তারিখে ন্যূনতম ১৮ হতে হবে। বয়সের ক্ষেত্রে কোন এক্সিডেণ্ট গ্রহণযোগ্য নয়।
- অনলাইনে আবেদনের সাথে নিয়োক্ত কাগজাদি সংযুক্ত করতে হবে।
- ক) অনলাইন জন্ম সনদ এবং সকল শিক্ষাগত ও অভিজ্ঞতার সনদপত্রের ফটোকপি।
- খ) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক নাগরিকত্ব সনদপত্র এবং উদ্যোক্তা কর্তৃক কোনো প্রকার অনিয়ম/বিশৃঙ্খল আচরণের ক্ষেত্রে দায় দায়িত্ব নিবেন এই মর্মে অত্র এলাকায় স্থায়ীভাবে বসবাসরত গণ্যমান্য ব্যক্তি/নিকট আত্মীয়ের নিকট হতে প্রত্যয়নপত্র।
- গ) সদ্য ভোলা ০১ (এক) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি;
- ০৫। নিয়োগ পরীক্ষা লিখিত, ব্যবহারিক (কম্পিউটার) এবং মৌখিক যা, অনলাইনে অনুষ্ঠিত হবে। প্রার্থীকে নির্বাচনী (লিখিত, ব্যবহারিক (কম্পিউটার) এবং মৌখিক) পরীক্ষায় অংশগ্রহণের জন্য টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ০৬। লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণকালে নাগরিক সনদপত্র, জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ, শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্র, অভিজ্ঞতার সনদ, কম্পিউটার পারদর্শিতার সনদ সম্পর্কিত প্রমাণক সনদপত্রের মূল কপি অবশ্যই প্রদর্শন করতে হবে।
- ০৭। ইতোমধ্যে বিদ্যমান দক্ষ, সৎ, যোগ্য এবং উদ্যোক্তা হিসেবে সাফল্যের গল্প আছে এমন উদ্যোক্তাগণকে অগ্রাধিকার দেয়া হবে।
- ০৮। উদ্যোক্তা হিসেবে নিযুক্ত/নিয়োগের বিষয়ে কোন প্রকার প্রত্যক্ষ বা পরোক্ষ তদবির/সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে গণ্য হবে।
- ০৯। কোন কারণ দর্শাতে ব্যতিক্রমে কর্তৃপক্ষ এবং কমিটি এ নিযুক্তি কার্যক্রম স্থগিত, শর্ত পরিবর্তন, সংযোজন এবং বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন। এছাড়াও আবেদন বাছাই ও নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।
- ১০। স্মার্ট পোস্টাল সার্ভিস পয়েন্ট এর উদ্যোক্তার পদটি সরকারি/আউটসোর্সিং/অন্য কোনো চাকরীর পদ না। এমনকি উদ্যোক্তার পদকে স্থায়ী বা সরকারিকরণের জন্য ভবিষ্যতে কোনো আবেদন বা অন্য কোনো পদক্ষেপ গ্রহণ করা যাবে না।
- ১১। উদ্যোক্তা হিসেবে নিযুক্তির পর উদ্যোক্তার কার্যক্রম/আচরণে কোনো প্রকার অসংগতি লক্ষ্য করা গেলে উদ্যোক্তা নিযুক্তিকরণ/নিয়োগকারী কর্মকর্তা উদ্যোক্তা নিযুক্তির আদেশ বাতিল করতে পারবেন।
- ১২। স্মার্ট পোস্টাল সার্ভিস পয়েন্টে উদ্যোক্তা হিসেবে দায়িত্ব পালনের জন্য সরকারের পক্ষ থেকে বেতন/ভাতা/সম্মানি ইত্যাদি প্রদান করা হবে না। গ্রাহক সাধারণকে সেবা প্রদান বাবদ প্রাপ্ত আয় সংশ্লিষ্ট নীতিমালা অনুযায়ী গ্রহণ করবেন।
- ১৩। পরীক্ষার তারিখ, সময় ও পরীক্ষার অনলাইন লিংক পরবর্তীতে প্রার্থীর ই-মেইলে জানানো হবে।

স্বাক্ষরিত

(পলাশ চন্দ্র ধর)

পোস্টঅফিস পরিদর্শক, ময়মনসিংহ উত্তর উপ-বিভাগ

ও

সদস্য সচিব, স্মার্ট পোস্টাল সার্ভিস বাস্তবায়ন কমিটি

সদয় জ্ঞাতার্থে এবং বহল প্রচারের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। জেলা প্রশাসক, ময়মনসিংহ
- ২। উপজেলা নির্বাহী কর্মকর্তা, গফরগাঁও, ময়মনসিংহ।
- ৩। উপজেলা চেয়ারম্যান, গফরগাঁও, ময়মনসিংহ।
- ৪। মেয়র, গফরগাঁও পৌরসভা, ময়মনসিংহ।
- ৫। সভাপতি/সাধারণ সম্পাদক, গফরগাঁও প্রেসক্লাব, ময়মনসিংহ।
- ৬। তথ্য অফিসার, গফরগাঁও উপজেলা, ময়মনসিংহ।
- ৭। চেয়ারম্যান (সকল), গফরগাঁও উপজেলা, ময়মনসিংহ।
- ৮। ইউপি সচিব (সকল), গফরগাঁও উপজেলা, ময়মনসিংহ।
- ৯। উপজেলা পোস্টমাস্টার, গফরগাঁও উপজেলা ডাকঘর, ময়মনসিংহ।
- ১০। ইউপি, সকল শাখা ডাকঘর, গফরগাঁও উপজেলা, ময়মনসিংহ।
- ১১। অফিস কপি।

(পলাশ চন্দ্র ধর)

পোস্টঅফিস পরিদর্শক, ময়মনসিংহ উত্তর উপ-বিভাগ

ও

সদস্য সচিব, স্মার্ট পোস্টাল সার্ভিস বাস্তবায়ন কমিটি